# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 17-01-2025 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর -

১) মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে প্রসূতিদের চিকিৎসায় গাফিলতির অভিযোগে রাজ্য সরকার ঐ হাসপাতালের ১২ জন চিকিৎসককে সাসপেন্ড করেছে।

স্যালাইন বিতর্কের জেরে মুখ্যসচিবের রিপোর্ট তলব করেছে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ।

২) এই ঘটনায় চিকিৎসকদের অযথা নিশানা করা হচ্ছে বলে অভিযোগ তুলে আন্দোলনের ডাক জুনিয়ার চিকিৎসকের।

৩) উত্তর দিনাজপুরে গোয়ালপোখরে পুলিশের উপর গুলি চালিয়ে আসামীর ফেরার হওয়ার ঘটনায় রাজ্য পুলিশ বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা নিচ্ছে।

৪) সরকারি কর্মচারী ও পেনশনভোগীদের জন্য অষ্টম বেতন কমিশন গঠনের কথা কেন্দ্র ঘোষণা করেছে ।

৫) ২৪-শে জানুয়ারী থেকে রাজ্যে ফের শুরু হচ্ছে দুয়ারে সরকার কর্মসূচী।

৬) আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়েন্ট আজ জামশেদপুর এফ সি-র মুখোমুখি হচ্ছে।

*OOOOOOOOOOOOOOOOOOOOOOOOOO*

মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে প্রসূতীদের চিকিৎসায় গাফিলতির অভিযোগে রাজ্য সরকার, ঐ হাসপাতালের এমএসভিপি জয়ন্ত রাউত সহ ১২ জনকে সাসপেন্ড করেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল নবান্নে এক সাংবাদিক বৈঠকে একথা জানান। সাসপেন্ড হওয়াদের মধ্যে আছেন, প্রসূতি বিভাগের প্রধান মহম্মদ আলাউদ্দীন, ঐ বিভাগেরই দুই সিনিয়র চিকিৎসক – ডক্টর দিলীপ কুমার পাল ও হিমাদ্রী নায়েক, দায়িত্বপ্রাপ্ত আরএমও সৌমেন দাস, অ্যানাস্থেসিয়া বিভাগের আরএমও পল্লবী ব্যানার্জী, ৫ পিজিটি চিকিৎসক এবং একজন ইন্টার্ন।

ক্ষোভ প্রকাশ করে মুখ্যমন্ত্রী একে ক্ষমার অযোগ্য অপরাধ হিসাবে অভিহিত করেন। সিনিয়াররা সঠিকভাবে দায়িত্ব পালন করেন নি বলেও তাঁর দাবি। ঐ প্রসূতী মৃত্যুর ঘটনায় চিকিৎসায় গাফিলতির প্রমাণ মিলেছে বলেও মুখ্যমন্ত্রী জানান। তিনি বলেন, স্বাস্থ্য দফতর গঠিত ১৩ সদস্যের কমিটি এবং সিআইডি তদন্তের প্রাথমিক রিপোর্টে এই গাফিলতির দিকেই ইঙ্গিত করা হয়েছে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

অস্ত্রোপচারের সময় স্ট্যান্ডার্ড অপারেটিভ প্রসিডিওর মানা হয়নি বলে মুখ্য সচিব মনোজ পন্থ জানিয়েছেন। স্বাস্থ্য দপ্তরের এফআইএর-এর ভিত্তিতে সিআইডি ফৌজদারি মামলা শুরু করেছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন।

একইসঙ্গে রাজ্যের সমস্ত হাসপাতালে অপারেশন থিয়েটারের দরজা পর্যন্ত সিসিটিভি লাগানোরও নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। নিহত প্রসূতির পরিবারকে ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ এবং প্রয়োজনে চাকরী দেওয়ার কথাও ঘোষণা করেন তিনি।

পাশাপাশি এখন থেকে সিনিয়র ডাক্তারদের সঙ্গে না নিয়ে জুনিয়র ডাক্তাররা রোগী দেখতে যেতে পারবেন না। মেদিনীপুর মেডিকেল কলেজের ঘটনার প্রেক্ষিতে

এই নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। সিনিয়র ডাক্তাররা যাতে রোস্টার মতো আট ঘণ্টা ডিউটি করেন, তারও আবেদন জানিয়েছেন তিনি।

এদিকে, স্বাস্থ্য দপ্তর বিভিন্ন মেডিকেল কলেজ থেকে ৫ জন চিকিৎসককে ঐ হাসপাতালে বদলি করেছে। স্বাস্থ্য ভবনের জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আরজি কর মেডিক্যাল কলেজ হাসপাতালের চিকিৎসক অধ্যাপক ডক্টর দেবদত্ত ঘোষকে মেদিনীপুর মেডিকেলের স্ত্রী ও প্রসূতি বিভাগের প্রফেসর পদে স্থানান্তরিত করা হল।

এছাড়া বর্ধমান মেডিকেল কলেজের ডাক্তার দেবদূত ব্যানার্জী, ওই কলেজেরই ডাক্তার তপন গঙ্গোপাধ্যায়, বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজের সন্ন্যাসী চরণ বর্মন কে-ও বদলি করা হয়েছে মেদিনীপুরে। সাগর দত্ত হাসপাতালের ENT বিভাগের অধ্যাপক চিকিৎসক ডাক্তার ইন্দ্রানীল সেনকে মেদিনীপুর মেডিক্যাল কলেজের MSVP হিসাবে নিয়োগ করা হয়েছে।

মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে নিম্নমানের স্যালাইন নিয়ে বিতর্কের জেরে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ মুখ্যসচিবের রিপোর্ট তলব করেছে। স্বাস্থ্য দপ্তরকেও এব্যাপারে আলাদা করে রিপোর্ট দিতে বলা হয়েছে। প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চে গতকাল স্যালাইন কান্ড নিয়ে জনস্বার্থ মামলার শুনানির সময় এই রিপোর্ট তলব করা হয়। অন্যতম মামলাকারী, আইনজীবী ফিরোজ এডুলজি জানিয়েছেন, ওই স্যালাইন প্রস্তুতকারক সংস্থার বিরুদ্ধে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে, সেব্যাপারেও কেন্দ্রীয় সরকারকে রিপোর্ট দিতে হবে।

oooooooooooooooooooooooooo

এদিকে, অন্যায় সাসপেনশন প্রত্যাহারের দাবিতে মেদিনীপুর মেডিক্যাল কলেজের জুনিয়ার ডাক্তাররা আন্দোলনে নেমেছেন। গতকাল রাত থেকেই গাইনী ও

এনেস্থেসিয়া বিভাগে কর্মবিরতি শুরু হয়েছে। আজ সকাল থেকে হাসপাতালে সমস্ত বিভাগে সম্পূর্ণ কর্মবিরতি জুনিয়ার ডাক্তাররা পালন করবেন বলে আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন। জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টরস ওয়েস্ট বেঙ্গল চিকিতসকদের সাসপেনশনের তীব্র প্রতিবাদ জানিয়ে আজ মেদিনীপুর মেডিক্যাল কলেজ অভিযানের ডাক দিয়েছে।

oooooooooooooooooooooooo

তদন্তের আগেই ১২ জন চিকিৎসককে সাসপেন্ড ও তাদের দিকে আঙ্গুল তোলা হয়েছে বলে আর জি করের নির্যাতিতার বাবা মা অভিযোগ করেছেন। গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তারা এই ঘটনায় প্রকৃত দোষীদের আড়াল করা হচ্ছে বলে অভিযোগ করেন।

মেয়ের ন্যায়বিচার বিলম্বিত হওয়ার জন্য আরজিকরের নিহত ঐ তরুণী চিকিৎসকের বাবা মা, স্বাস্থ্য মন্ত্রকের দায়িত্বে থাকা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকেই দায়ী করেন।

oooooooooooooooooooooooo

মেদিনীপুর মেডিকেল কলেজে ১২জন ডাক্তারকে সাসপেন্ডের সমালোচনা করেছে বিজেপিও । গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার অভিযোগ করেন, মুখ্যমন্ত্রী সব সময় অন্যের উপর দায় চাপিয়ে বাঁচার চেষ্টা করেন। তাই এবারও মেদিনীপুর মেডিকেল কলেজে ঘটনার সময়ে কর্তব্যরত চিকিৎসকদের উপর দায় চাপিয়ে নিজেকে বাঁচাবার চেষ্টা করছেন। তদন্ত হওয়ার আগেই পুরো বিষয়টিকে মুখ্যমন্ত্রী প্রভাবিত করছেন বলেও সুকান্ত বাবু অভিযোগ করেন। কর্ণাটক সরকার সংশ্লিষ্ট ওষুধ সংস্থাকে নিষিদ্ধ ও কালো তালিকাভুক্ত করার পরেও সেই সংস্থা কিভাবে ওষুধ, স্যালাইন সরবরাহ করছে, সুকান্ত বাবু সেই প্রশ্নও তোলেন।

oooooooooooooooooooooooo

উত্তর দিনাজপুররে গোয়ালপোখরে পুলিশের উপর গুলি চালিয়ে আসামির ফেরার হওয়ার প্রেক্ষিতে রাজ্য পুলিশ বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা নিচ্ছে। আসামীদের আদালত থেকে জেল এবং জেল থেকে আদালতে নিয়ে যাতায়াতের ক্ষেত্রে পুলিশ কর্মীদের কড়া নিয়ম মেনে চলার নির্দেশ দেওয়া হয়েছে। প্রিজন ভ্যানে তোলার সময়ে তাদের ভালো করে পরীক্ষা করতে হবে। এই মর্মে রাজ্য পুলিসের পক্ষ থেকে জেলাগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে।

রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমার এই ঘটনায় তীব্র ক্ষোভ ব্যক্ত করেছেন। সাংবাদিকদের তিনি বলেন, ভবিষ্যতে পুলিশের ওপর এধরনের হামলা চালানো হলে, তারাও ছেড়ে কথা বলবেন না। কিভাবে এই ধরনের পরিস্থিতি মোকাবিলা করতে হয়, সেব্যাপারে তারা সবরকমভানে প্রস্তুত বলেও তিনি স্পষ্ট জানান। তিনি গতকাল পাঞ্জিপাড়ায় ঘটনাস্থল পরিদর্শন করেন।

অন্যদিকে পুলিশের উপর গুলি চালনার ঘটনায় অভিযুক্তদের ধরিয়ে দিতে পুরস্কার ঘোষণা করা হয়েছে। মূল অভিযুক্ত সাজ্জাক আলমের খোঁজ দিতে পারলে দেওয়া হবে ২ লক্ষ টাকার পুরস্কার।

এদিকে ঐ দুই পুলিশ কর্মী এখনও হাসপাতালে চিকিৎসাধীন। পলাতক আসামীর খোঁজে চলেছে চিরুণী তল্লাশি।

ooooooooooooooooooo

মুর্শিদাবাদের ডোমকলে পুলিশকে মারধর করে হেফাজতে থাকা আসামী ছিনিয়ে নেওয়ার অভিযোগকে ঘিরে গতকাল ব্যপক উত্তেজনার সৃষ্টি হয়। পালটা আসামির পরিজনদের বাড়িতে তল্লাশীর নামে ব্যাপক ভাঙচুরের অভিযোগ উঠেছে ডোমকল থানার পুলিশের বিরুদ্ধে। জানাগেছে ডোমকলের বিলাসপুর ঘাটপাড়া এলাকায় কয়েক দিন আগে সাহিন সেখ নামের এক ব্যাক্তির বাড়িতে চুরির ঘটনা ঘটে। অভিযোগের ভিত্তিতে রানা সেখ নামের এক অভিযুক্তকে পুলিশ গ্রেফতার

করে। চুরির ঘটনার পুনর্নির্মাণ করতে বুধবার রাতে ঘটনাস্থলে যায় পুলিশ। অভিযোগ সেইসময় পুলিশের উপর চড়াও হয়ে আসামিকে ছিনিয়ে নেয় পরিবারের লোকেরা। জখম হন বেশ কয়েকজন পুলিশ কর্মী। এরপরেই এলাকায় পুলিশ রাতভর তল্লাশি চালায়। হামলার অভিযোগে আসামী রানা শেখ এর চার আত্মীয়কে গ্রেপ্তার করেছে ডোমকল থানার পুলিশ। নিখোঁজ অভিযুক্তের খোঁজেও তল্লাশি চলছে।

oooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী **১৯** শে জানুয়ারী রবিবার আকাশবাণীতে **'**মন কি বাত'-অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মন কি বাতের **১১৮**তম পর্ব।

টোল ফ্রি নম্বর **১৮০০-১১-৭৮০০**-তে ফোন করে জনগণ তাদের মতামত ও পরামর্শ জানাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ বা মাই গভ ওপেন ফোরামের মাধ্যমে অনলাইনেও তা আজ পর্যন্ত জানানো যাবে।

অনুষ্ঠানটি সকাল **১১** টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সব কটি প্রচার তরঙ্গ, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এআইআর মোবাইল অ্যাপে সম্প্রচার করা হবে। এআইআর নিউজ, ডিডি নিউজ, পিএমও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলগুলিতেও সরাসরি তা শোনা যাবে। আকাশবাণীতে হিন্দি ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় তা সম্প্রচারিত হবে। রাত আটটায় আঞ্চলিক ভাষার তর্জমা পুনঃ প্রচারিত হবে।

ooooooooooooooooooo

কেন্দ্রীয় সরকারি কর্মচারী ও পেনশনভোগীদের জন্য অষ্টম বেতন কমিশন গঠনের কথা ঘোষণা করেছে কেন্দ্র। তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো নতুন

দিল্লীতে এই জানিয়ে বলেন, খুব শীঘ্রই কমিশনের চেয়ারম্যান এবং দুই সদস্যের নাম ঘোষণা করা হবে। তিনি আরও বলেন, সপ্তম বেতন কমিশনের মেয়াদ শেষ হচ্ছে ২০২৬-এ। এর ফলে অষ্টম বেতন কমিশন গঠনের ক্ষেত্রে বিশেষজ্ঞদের পরামর্শ নেওয়ার যথেষ্ট সময় রয়েছে।

(বাইট – অশ্বিনী বৈষ্ণো)

oooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির ঘোষণা অনুযায়ী আগামী ২৪শে জানুয়ারি থেকে রাজ্যে ফের শুরু হচ্ছে দুয়ারে সরকার কর্মসূচি। গতকাল তথ্য ও পরিকল্পনা দপ্তর থেকে এই সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। প্রত্যন্ত এলাকায় এই কর্মসুচীর সুবিধা যাতে প্রত্যেকটি পরিবার পায় তার ওপর বিশেষ জোর দেওয়া হবে বলে প্রশাসনের এক শীর্ষ কর্তা জানিয়েছেন। দুয়ারে সরকারের সঙ্গে থাকবে ‘পাড়ায় সমাধান’ কর্মসূচিও। ২৪ শে জানুয়ারি থেকে পয়লা ফেব্রুয়ারি পর্যন্ত সরকারি পরিষেবা নেবার জন্য আবেদন পত্র জমা নেওয়া হবে। ২৮ শে ফেব্রুয়ারির মধ্যে সব আবেদনপত্র খতিয়ে দেখে যোগ্য উপভোক্তাদের পরিষেবা পৌঁছে দেওয়া হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। দুয়ারে সরকার শিবির থেকে এবার ৩৭ টি পরিষেবা পাওয়া যাবে।

এগুলির মধ্যে রয়েছে খাদ্য সাথী, স্বাস্থ্য সাথী, জাতি শংসাপত্র, শিক্ষাশ্রী, তপশিলি বন্ধু, জয় জোহার, কন্যাশ্রী, রূপশ্রী, মানবিক, লক্ষীর ভান্ডার ,বার্ধক্য ভাতা, বিধবা ভাতা, কৃষক বন্ধু, স্টুডেন্ট ক্রেডিট কার্ড , বিনামূল্যে সামাজিক সুরক্ষা, মৎস্যজীবী ক্রেডিট কার্ড, পরিযায়ী শ্রমিকদের নথিভুক্তকরণ, বিদ্যুৎ বিলে ছাড়।

দুয়ারে সরকার কর্মসূচির সঙ্গে শিবির গুলির পাশে স্বাস্থ্য শিবির ও করা হবে। রক্তদান শিবিরের আয়োজন করবে রাজ্য সরকার। এছাড়া থাকছে গ্রাহক সুরক্ষা সম্পর্কে সচেতনতা শিবির।

oooooooooooooooooo

রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী, বিশিষ্ট কমিউনিস্ট নেতা জ্যোতি বসুর ষোড়শ প্রয়াণ দিবসে আজ জ্যোতি বসু নগরে (নিউটাউন) জ্যোতি বসু সেন্টার ফর সোশ্যাল স্টাডিজ অ্যান্ড রিসার্চ-র প্রথম পর্যায়ের ভবনের উদ্বোধন করা হবে। সিপিআই (এম) পলিট ব্যুরোর কো-অর্ডিনেটর প্রকাশ কারাত এর উদ্বোধন করবেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিশিষ্ট সঙ্গীতশিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা। প্রকাশ কারাত, ছাড়ও সেন্টারের চেয়ারম্যান বিমান বসু, সিপিআই (এম) রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম সহ বহু বিশিষ্ট ব্যক্তি এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

ooooooooooooooooooo

এ বছর পাবলিশার্স এন্ড বুক সেলার্স গিল্ডের বিশেষ সাহিত্য সম্মান পাচ্ছেন বর্ষীয়ান সাহিত্যিক আবুল বাশার। ৪৮ তম কলকাতা বই মেলা উপলক্ষে নতুন দিল্লির ম্যাক্স মুলার ভবনে গতকাল এক সাংবাদিক সম্মেলনে গিল্ড সভাপতি ত্রিদিব চট্টোপাধ্যায় একথা জানান। তিনি বলেন,মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই পুরস্কার সাহিত্যিকের হাতে তুলে দেবেন। গিল্ডের সম্পাদক সুধাংশু শেখর দে জানান,মেলা চলবে ৯ ফেব্রুয়ারি পর্যন্ত।

গত বছর মেলায় ২৭ লক্ষ মানুষের মাধ্যমে বিক্রি হয়েছিল ২৩ কোটি টাকার বই।

তিনি বলেন,এই বছর আন্তর্জাতিক কলকাতা বইমেলা সঠিক অর্থেই খোলা আকাশের নীচে বইমেলা। এবারের মেলায় কোনো হল থাকছে না।

প্রতিবছরের মতো আগামী বইমেলায় অংশগ্রহণ করছে আমেরিকা, ব্রিটেন, ফ্রান্স, ইরান, রাশিয়া, স্পেন, পেরু, আর্জেন্টিনা, গুয়াতেমালা, কোস্টা রিকা, প্রভৃতি দেশ। এছাড়া ভারতের দিল্লি,আসাম, ত্রিপুরা, বিহার, ঝাড়খন্ড, উড়িষ্যা, ভোপাল,

তামিলনাড়ু উত্তরপ্রদেশ, হরিয়ানা, গুজরাট, মহারাষ্ট্র রাজ্যের প্রকাশনা সংস্থাও থাকছে। গিল্ড সম্পাদক আরো জানান,

উনবিংশ শতাব্দীতে বাংলায় বইয়ের ইলাস্ট্রেশন নিয়ে বইমেলায় থাকছে এক বিশেষ প্রদর্শনী।

oooooooooooooooooo

দুর্ঘটনা প্রতিরোধে শান্টিং অপারেশনের সময় মান্য কার্য্যবিধি-SOP অনুসরণ, সমস্ত রেলওয়ে যানবাহনের স্থিতিশীলতা নিশ্চিত করতে ও লাইনচ্যুত হওয়া রোধ করতে যথাযথ সুরক্ষার প্রয়োজনীয়তা তুলে ধরা সহ নানা বিষয় নিয়ে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনে বহু-বিভাগীয় আলোচনাচক্রের আয়োজন করা হয়। শিয়ালদার DRM দীপক নিগম এর সভাপতিত্বে আয়োজিত ওই সেমিনারে ডিভিশনের বিভিন্ন স্টেশন থেকে একশো ২ জন কর্মী সেমিনারে অংশ গ্রহণ করেন বলে রেল সূত্রের খবর।

ooooooooooooooooooo

আই এস এল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট আজ জামশেদপুর এফ সি-র বিরুদ্ধে খেলবে। টাটা স্পোর্টস কমপ্লেক্সে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

গত সন্ধ্যায় যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে মহামেডান স্পোর্টিং ও চেন্নাইয়িন এফসির মধ্যে খেলা ২-২ গোলে অমীমাংসিত ভাবে শেষ হয়েছে।

এই ম্যাচ ড্র হওয়ার পর ১৬ ম্যাচে ১১ পয়েন্ট নিয়ে লিগ তালিকায় দ্বাদশ স্থানেই রইলো মহামেডান।

oooooooooooooooooooo

ooooooooooooooooooo